দামুড়হুদায় ভ্রাম্যমান আদালতে তিন ব্যবসা প্রতিষ্ঠানে জরিমানা

দামুড়হুদায় মেয়াদোত্তীর্ণ পণ্য ও মূল্য তালিকা প্রদর্শন না করার অপরাধে তিনটি প্রতিষ্ঠানের মালিক কে জরিমানা করেন ভ্রাম্যমান আদালত।

আজ রবিবার বেলা সাড়ে ১২টার দিকে ডুগডুগি বাজারে ২টি মুদিখানা ও একজন সার ব্যবসায়ীকে ভ্রাম্যমান আদালত বসিয়ে জরিমানা করা হয়।

ভ্রাম্যমাণ আদালত পরিচালনা করেন চুয়াডাঙ্গা ভোক্তা সংরক্ষণ অধিদপ্তরের সহকারি পরিচালক সজল আহমেদ এ সময় সহযোগিতা করেন জেলা কৃষি বিপণন কর্মকর্তা রাশেদুজ্জামান।

জানা যায় দামুড়হুদা উপজেলার ডুগডুগি বাজারে মেয়াদ উত্তীর্ণ পণ্য ও পণ্যের মূল্য তালিকা প্রদর্শন না করার অপরাধে দোষী সাবস্ত করে ভোক্তা সংরক্ষণ আইন ২০০৯ এর ৩২/ ৫১ ধারায় রাজিব স্টোর মালিক কে ২০০০ টাকা হালিম ট্রেডার্স এর মালিক কে ৫০০০ টাকা ও শামীম ট্রেডার্স এর মালিক কে ২০০০টাকা জরিমানা করেন ভ্রাম্যমান আদালত। সকলে জরিমানার টাকা পরিশোধ করে মুক্ত হন। এ সময় ভ্রাম্যমান আদালতের সহযোগিতা করেন চুয়াডাঙ্গা জেলা পুলিশ।